

2020

BENGALI (ELECTIVE)

Full Marks : 100

Time : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions.**General Instructions:*

- (i) Write all the answers in the Answer Script.
- (ii) Attempt Part–A Objective Questions serially.
- (iii) Attempt all parts of a question together at one place.

(PART : A – OBJECTIVE)

(Marks : 50)

SECTION – I

(Marks : 25)

১। সঠিক শব্দ চয়ন করে শূন্যস্থান পূর্ণ কর :— (যে কোন পাঁচটি) $১ \times ৫ = ৫$

(ক) হে কাশি, _____ তুমি পুণ্যবান্।।

(খ) দয়াল কহিলেন, হিন্দু বিবাহ কি _____ নয় মা?

(গ) _____ পরিচ্ছেদে ‘দত্তা’ বিভক্ত।

(ঘ) এসেছেন ফিরে _____, বৎসরের পরে,

(ঙ) ‘মেঘ ও রৌদ্র’ গল্পটি _____ পরিচ্ছেদে বিভক্ত।

(চ) যেয়ো না _____ আজি লয়ে তারা দলে।

(ছ) ‘দত্তা’ উপন্যাসটির লেখক _____।

২। সত্য/মিথ্যা নির্ণয় করে উত্তর পত্রে লেখ :— (যে কোন দশটি) $১ \times ১০ = ১০$

(ক) রাজা চিত্ররঞ্জনের স্ত্রী হলেন জয়কালী দেবী।

(খ) বিজয়ার পিতার নাম বনমালী।

(গ) ‘সদর ও অন্তর’ একটি নাটক।

(ঘ) স্বাসাঘাত প্রধান হৃন্দের লয় ধীর।

(ঙ) অলংকার তিন প্রকার।

(চ) জয়কালী দেবীর দুটি পুত্র সন্তান ছিল।

(ছ) ‘আশ্বিন মাস’ কবিতাটির রচয়িতা জীবনানন্দ দাশ।

(3)

- (জ) ‘ইচ্ছাপূরণ’ গল্পটি হাস্যরসাত্মক।
- (ঝ) সনেটের প্রতিটি চরণে ষোলটি অক্ষর থাকে।
- (ঞ) ধ্বনি প্রধান ছন্দকে মাত্রাবৃত্ত ছন্দ ও বলা হয়।
- (ট) ‘Metre’— অর্থ ছন্দ।
- (ঠ) দত্তা উপন্যাসের নায়িকার নাম বসন্তকুমারী।

৩। নিম্নলিখিত যে কোনো (পাঁচটি) প্রশ্নের সঠিক উত্তর লেখঃ $২ \times ৫ = ১০$

- (ক) “যেখানে বিপদ সেখানেই তাহার একটা আকর্ষণ ছিল এবং যেখানে শাসন সেখানেই লঙ্ঘন করিবার জন্য তার চিত্ত চঞ্চল হইয়া থাকিত।”— মন্তব্যটি কার সম্বন্ধে করা হয়েছে? কোন্ গল্পের অংশ এটি?
- (খ) “কী অপরাধে যে হঠাৎ রাজার হৃদয়তা হারাইলেন, অনেক ভাবিয়াও বিপিন তাহা ঠিক করিতে পারিলেন না”— এখানে রাজা কে? গল্পের রচয়িতার নাম লেখ।
- (গ) ‘চলচপলার চকিত চমকে করিছে চরণ বিচরণ’—এটি কোন্ অলংকার?
- (ঘ) “বামে কমকায়া রমা, দক্ষিণে আয়ত লোচনা বচনেশ্বরী, স্বর্ণবীণা করে।”— এখানে ‘রমা’ ও ‘বচনেশ্বরী’ বলতে কাদের কথা বলা হয়েছে?

(4)

- (ঙ) “কি সাহসে সুকেশিনি, হরিল তোমারে রাক্ষস’— কোন কবিতার অংশ? এখানে সুকেশিনি কে?
- (চ) ‘বিলাস’ কোন রচনার চরিত্র? বিলাসের বাবার নাম কী?

SECTION – II

(Marks : 25)

৪। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাওঃ $৫ \times ৫ = ২৫$

- (ক) দলবৃত্ত বা শ্বাসাঘাত প্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা কর।
- (খ) অলংকার কাকে বলে? অলংকার কয় প্রকার ও কী কী?
- (গ) কারক কাকে বলে? বাংলা কারকগুলির নাম লেখ।
- (ঘ) “দোহাই ঠাকুরাণ, সাধ মিটিয়াছে, এখন আমরা যে যাহা ছিলাম তাহাই করিয়া দাও”— উক্তিটি কাদের? কোন্ প্রসঙ্গে এই উক্তি করা হয়েছে?
- (ঙ) “অনুক্ষণ মনে মোর পড়ে তব কথা বৈদেহী!” কোন্ কবিতার অংশ? কাব্যটির রচয়িতা কে? ‘বৈদেহী’ কথাটির অর্থ কী?
- (চ) “শুধু আমার দোষেই এই ভয়ানক অন্যায় হ’ল মা—শুধু আমি এই দুর্ঘটনা ঘটলুম”— উক্তিটি কার? কোন্ প্রসঙ্গে উক্তিটি করা হয়েছে?

(5)

(PART : B – DESCRIPTIVE)

(Marks : 50)

যে কোনো একটি গল্পের অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করঃ

৫। ‘ইচ্ছাপূরণ’, ‘মেঘ ও রৌদ্র’, অনধিকার প্রবেশ। ১০

অথবা

‘সদর ও অন্তর’—গল্পটির নামকরণের সার্থকতা বিচার কর। ১০

৬। ‘দত্তা’ কথাটির অর্থ কী? ‘দত্তা’ উপন্যাসের রচয়িতার নাম লেখ। উপন্যাসটির
কাহিনি সংক্ষেপে লেখ। ২ + ২ + ৬ = ১০

অথবা

যে কোনো একটি চরিত্র আলোচনা করঃ—
বিজয়া, নরেন, বনমালী, রাসবিহারী। ১০

৭। ‘বঙ্গভাষা’ সনেটটির রসগ্রাহী আলোচনা কর। ১০

অথবা

নিম্নলিখিত যে কোনো একটি কবিতার নামকরণের সার্থকতা আলোচনা
করঃ— ১০

(ক) আশ্বিন মাস

(খ) সীতাদেবী

(গ) বিজয়াদশমী

(ঘ) যশের মন্দির

(6)

৮। নিম্নলিখিত বাগ্‌ধারাগুলির অর্থ নির্দেশ করে বাক্যরচনা করঃ— (যে কোনো
পাঁচটি) ১×৫ = ৫

অমাবস্যার চাঁদ, মাটির মানুষ, আষাঢ়ে গল্প কলুর বলদ, গোবরে পদ্মফুল, নয়হয়,
দক্ষযজ্ঞ।

৯। যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখঃ— ১৫

(ক) তোমার জীবনের স্মরণীয় ঘটনা।

(খ) সংবাদপত্র পাঠের প্রয়োজনীয়তা।

(গ) দেশভ্রমণের আনন্দ ও উপকারিতা।

(ঘ) দুর্গাপূজা।

★ ★ ★